



তথ্যবিবরণী

নম্বর: ০৮১

রাজশাহীতে এইচপিডি টিকাদান কার্যক্রম উপলক্ষে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

রাজশাহী; ০৬ কার্তিক (২২ অক্টোবর):

আজ মঙ্গলবার (২২ অক্টোবর) বিকালে রাজশাহী সিভিল সার্জন কার্যালয় সম্মেলন কক্ষে ইউনিসেফের সহযোগিতায় এবং রাজশাহী জেলা তথ্য অফিসের উদ্যোগে জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এইচপিডি টিকাদান ক্যাম্পেইন উপলক্ষে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী স্বাস্থ্য বিভাগের পরিচালক ডা. মো. আনোয়ারুল কবীর। 'একডোজ এইচপিডি টিকা নিন, জরায়ুমুখ ক্যান্সার রুখে দিন' এই শ্লোগানকে সামনে রেখে ঢাকা বিভাগ ব্যতীত অন্য সাতটি বিভাগে মাসব্যাপী এই টিকা কার্যক্রম পরিচালিত হবে।

সভায় রাজশাহী জেলার বিভিন্ন স্কুল এবং জনবসতি এলাকায় এইচপিডি টিকাদান কার্যক্রম সম্পর্কে প্রচারাভিযান এবং টিকা নিবন্ধন কার্যক্রম জোরদার করতে জেলার স্কাউট ও গার্লস গাইড সদস্যদের অবহিত করা হয়।

উপস্থিত ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, তোমরাও এই টিকাদান কার্যক্রমের প্রচার-প্রচারণার অংশ। এই টিকা গ্রহণের ক্ষেত্রে ভয়ভীতি পাওয়ার কোনো কারণ নেই। কেউ যদি কোনো ভীতিমূলক কথাবার্তা বলে তাহলে তোমরা তা অগ্রাহ্য করবে। তোমরা অনেক মেধাবী এবং প্রগতিশীল। সরকারের এই সুদূরপ্রসারী ও মহৎ উদ্যোগ নস্যাত্য করার যেকোনো অপতৎপরতা তোমরা রুখে দেবে। গার্লস গাইডদের পাশাপাশি শিক্ষকদের এইচপিডি টিকাদান ক্যাম্পেইনকে আরও অংশগ্রহণমূলক করতে কার্যকরী ভূমিকা রাখতে আহ্বান জানান তিনি।

জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এই টিকা গ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরে শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, তুমি তোমার মায়ের কথা চিন্তা করো। এখন যদি তোমার মা না থাকে বা অসুস্থ হয়ে যান তাহলে পরিবারজুড়ে একটি শূন্যতা নেমে আসবে। জরায়ুমুখ ক্যান্সারের কারণে প্রতিবছর বাংলাদেশে প্রায় ৫ হাজার মা মৃত্যুবরণ করেন। একটু সচেতন হয়ে সময়মতো এই টিকা গ্রহণ করলে আমরা এটি প্রতিরোধ করতে পারি।

রাজশাহী জেলা তথ্য অফিস এইচপিডি টিকাদান কার্যক্রমের প্রচারাভিযানের অংশ হিসেবে জেলার বিভিন্ন স্থানে ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শনী ও মাইকিং কর্মসূচি বাস্তবায়ন করছে।

রাজশাহী জেলা তথ্য অফিসের পরিচালক মোহা: ফরহাদ হোসেনের সভাপতিত্বে সিভিল সার্জন কার্যালয়ের মেডিক্যাল অফিসার ডা. বায়েজীদ-উল ইসলাম মূল প্রবন্ধ উপস্থাপন করেন। জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরিন অবহিতকরণ সভাটি সঞ্চালনা করেন। সভায় স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের কর্মকর্তা, শিক্ষক প্রতিনিধি, জেলা ও উপজেলা স্কাউটস এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/রাফিদ/হালিম/২০২৪/১৮.২০ঘ.